

পরিপত্র

বিষয়ঃ ২০২৫-২৬ অর্থবছরের সংশোধিত বাজেটের কতিপয় ব্যয় স্থগিত/হাসকরণ।

মধ্যপ্রাচ্যের চলমান উত্তেজনা ও যুদ্ধের ফলে উদ্ভূত বৈশ্বিক পরিস্থিতি বিবেচনায় ২০২৫-২৬ অর্থবছরে সকল সরকারি, স্বায়ত্তশাসিত, রাষ্ট্রায়ত্ত, সংবিধিবদ্ধ, পাবলিক সেক্টর কর্পোরেশন এবং রাষ্ট্রীয় মালিকানাধীন কোম্পানী ও আর্থিক প্রতিষ্ঠানসমূহের সংশোধিত বাজেটে কতিপয় খাতে বরাদ্দকৃত অর্থ ব্যয়ে সরকার নিম্নোক্ত সিদ্ধান্ত গ্রহণ করেছেঃ

এই আদেশ জারির তারিখ হতে চলতি ২০২৫-২৬ অর্থবছরের অবশিষ্ট সময়ে সংশোধিত বাজেটের আওতায় নিম্নবর্ণিত অর্থনৈতিক কোডসমূহে প্রদর্শিত বরাদ্দ নিম্নোক্তভাবে ব্যয় করা যাবে:

- (১) '৩২১১১০৬-আপ্যায়ন ব্যয়' খাতে অব্যয়িত অর্থের সর্বোচ্চ ৫০% ব্যয় করা যাবে;
- (২) মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর কর্তৃক পরিচালিত অভ্যন্তরীণ প্রশিক্ষণ (৩২৩১৩০১) খাতে অব্যয়িত অর্থের সর্বোচ্চ ৫০% ব্যয় করা যাবে। তবে বিভিন্ন সরকারি প্রশিক্ষণ ইনস্টিটিউট কর্তৃক পরিচালিত প্রশিক্ষণসমূহ এর আওতা বহির্ভূত থাকবে;
- (৩) সরকারি অর্থায়নে সকল ধরনের বৈদেশিক প্রশিক্ষণ/সেমিনার/সিম্পোজিয়াম/ওয়ার্কশপে অংশগ্রহণ বন্ধ থাকবে;
- (৪) '৩২১১১১৩-বিদ্যুৎ', '৩২৪৩১০১-পেট্রোল, অয়েল ও লুব্রিকেন্ট', '৩২৪৩১০২-গ্যাস ও জ্বালানী' ও '৩২৪৪১০১-ভ্রমণ ব্যয়' খাতে অবশিষ্ট অর্থের সর্বোচ্চ ৭০% ব্যয় করা যাবে। এর অতিরিক্ত ব্যয় করলে ভবিষ্যতে কোনো বকেয়া দাবী করা যাবে না;
- (৫) '৩২১১১১১-সেমিনার/কনফারেন্স ব্যয়' খাতে অবশিষ্ট অর্থের সর্বোচ্চ ৮০% ব্যয় করা যাবে। তবে সকল ধরনের সভা/সেমিনার/কনফারেন্স/সিম্পোজিয়াম/ওয়ার্কশপ এর আপ্যায়ন ব্যয়ে ৫০% ব্যয় করা যাবে;
- (৬) সকল ধরনের যানবাহন ক্রয় ('৪১১২১০১-মোটরযান', '৪১১২১০২-জলযান', '৪১১২১০৩-আকাশযান') খাতে বরাদ্দকৃত অর্থ ব্যয় বন্ধ থাকবে;
- (৭) আবাসিক (৪১১১১০১)/অনাবাসিক (৪১১১২০১)/অন্যান্য ভবন স্থাপনা (৪১১১৩১৭) খাতে অবশিষ্ট অর্থের ৫০% ব্যয় করা যাবে। তবে চলমান নির্মাণ কাজ ন্যূনতম ৭০ শতাংশ সম্পন্ন হয়ে থাকলে অর্থ বিভাগের অনুমোদনক্রমে ব্যয় নির্বাহ করা যাবে;
- (৮) '৩২৫৮১৪১-অভ্যন্তরীণ শোভাবর্ধন' এবং '৪১১১৩২৫-অভ্যন্তরীণ শোভাবর্ধন' উভয় খাতে অব্যয়িত অর্থের সর্বোচ্চ ৫০% ব্যয় করা যাবে;
- (৯) '৪১১২২০২-কম্পিউটার ও আনুষঙ্গিক' খাতে ব্যয় বন্ধ থাকবে;
- (১০) পরিচালন বাজেটের আওতায় '৪১৪১১০১-ভূমি অধিগ্রহণ' খাতে ব্যয় বন্ধ থাকবে। তবে উন্নয়ন বাজেটের ক্ষেত্রে অধিগ্রহণ কার্যক্রমের সকল আনুষ্ঠানিকতা প্রতিপালনপূর্বক অর্থ বিভাগের পূর্বানুমোদন গ্রহণ সাপেক্ষে ব্যয় করা যাবে; এবং
- (১১) সরকারি কর্মচারীদের পাড়ী ক্রয়ে সুদমুক্ত বিশেষ অগ্রিম (৭২১৫১০৩-সুদমুক্ত ঋণ) প্রদান বন্ধ থাকবে।

K. Zakir Hossain
(মোহাম্মদ জাকির হোসেন)
উপসচিব

৯৫১ ৪১৪৬

ই-মেইলঃ zakirh@finance.gov.bd

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা
৩. বাংলাদেশের মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রকের কার্যালয়, কাকরাইল, ঢাকা



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিল্প মন্ত্রণালয়
বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প কর্পোরেশন (বিসিক)
৩৯৮, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮

Website: www.bscic.gov.bd, E-mail: info@bscic.gov.bd



স্মারক নম্বর: ৩৬.০২.০০০০.০০৩.২০.০০১.১৮. ৪৬৫৮

তারিখ:

২০ চৈত্র ১৪৩২
০৮ এপ্রিল ২০২৬

পরিপত্রের মর্মানুসারে বিধি মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ০১। পরিচালক (সকল), বিসিক, ঢাকা;
- ০২। আঞ্চলিক পরিচালক, বিসিক, ঢাকা/চট্টগ্রাম/খুলনা/রাজশাহী;
- ০৩। অধ্যক্ষ, বিসিক ট্রেনিং ইনস্টিটিউট (বিটিআই), ঢাকা;
- ০৪। মহাব্যবস্থাপক (সকল), বিসিক, ঢাকা;
- ০৫। নিয়ন্ত্রক (হিসাব ও অর্থ), বিসিক, ঢাকা;
- ০৬। প্রধান কার্যালয়ের বিভাগ/শাখা/সেল প্রধান (সকল), বিসিক, ঢাকা;
- ০৭। বিসিক জেলা কার্যালয় প্রধান (সকল);
- ০৮। উপমহাব্যবস্থাপক, লবণ শিল্পের উন্নয়ন কার্যালয়, বিসিক, কক্সবাজার;
- ০৯। প্রধান নকশাবিদ, নকশা কেন্দ্র, বিসিক, ঢাকা;
- ১০। প্রোগ্রামার, আইসিটি সেল, বিসিক, ঢাকা (ওয়েব পোর্টালে প্রকাশের অনুরোধসহ);
- ১১। সিআইডিপি কার্যালয় প্রধান (সকল);
- ১২। উপব্যবস্থাপক, বিসিক ইলেক্ট্রনিক্স কমপ্লেক্স, ঢাকা;
- ১৩। দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ কেন্দ্র প্রধান (সকল);
- ১৪। শিল্পনগরী কর্মকর্তা/সম্প্রসারণ কর্মকর্তা, বিসিক শিল্পপার্ক/শিল্পনগরী/মৌমাছি পালন কর্মসূচি (সকল);
- ১৫। চেয়ারম্যানের একান্ত সচিব, বিসিক, ঢাকা (চেয়ারম্যান মহোদয়ের সদয় অরুগতির জন্য)।

Diradmin
০৬-১০৪১৮৬

(ডা. মোহাম্মদ শাহাদত হোসেন)
পরিচালক (প্রশাসন)

ফোন নং: ০২-৪১০২৪৯৭৫

ই-মেইল: diradmin@bscic.gov.bd